গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

নং-১৩.০১.০০০০.০৩২.৩২.৬২৮.১৪(অংশ-১)- তারিখঃ /০৬/২০১৯খ্রিঃ

# আদেশ

খাদ্য অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন স্থাপনায় স্থায়ী পরিচ্ছন্নতা কর্মী পদের মঞ্জুরী না থাকায় বা প্রয়োজন অনুযায়ী পরিচ্ছন্নতা কর্মী পদের মঞ্জুরী অস্বাভাবিক কম হওয়ায় বাস্তবে পরিষ্কার পরিচ্ছন্নতার স্বার্থে বিকল্প হিসেবে দৈনিক ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার জন্য প্রশাসন বিভাগের সর্বশেষ ২৫/০৩/২০১৮ তারিখের ১৩৫/৫৭০ নং স্মারকে জারীকৃত সংশোধিত আদেশে প্রদত্ত মঞ্জুরীকৃত পরিচ্ছন্নতা কর্মীর অতিরিক্ত হিসেবে নিম্নোক্ত কার্যালয়ের অনুকুলে পার্শ্বে বর্ণিত সংখ্যক দৈনিক মজুরির ভিত্তিতে খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার অনুমোদন প্রদান করা হলো:

| ক্রমিক নং | স্থাপনার নাম | প্রশাসন বিভাগের ২৫/০৩/২০১৮ তারিখের ১৩৫/৫৭০ নং স্মারকে জারীকৃত সংশোধিত আদেশে প্রদত্ত ক্ষমতার ২ নং শর্ত অনুযায়ী অতিরিক্ত খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার অনুমোদিত সংখ্যা |
|---|---|---|
| ১. | বগা এলএসডি, বাউফল, পটুয়াখালী। | ০১(এক) জন |

**শর্তাবলীঃ**

১। এলএসডি, সিএসডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলো এবং সরকারি আধুনিক ময়দা মিলে সম্পূর্ণ অস্থায়ী হিসাবে জরুরী প্রয়োজনে দৈনিক মজুরি ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে;

২। নিয়মিত পরিচ্ছন্নতা কর্মীর মঞ্জুরীকৃত পদ না থাকলে বা পদ শূন্য থাকলে বা মঞ্জুরীকৃত পদের তুলনায় পরিচ্ছন্নতা কর্মী কম থাকলে খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী দিয়ে পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করানো যেতে পারে। কোন স্থাপনার বিপরীতে একাধিক খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করার প্রয়োজন হলে খাদ্য অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে;

৩। শ্রমিক মজুরী খাতে বাজেট বরাদ্দ/সংস্থানের বিষয়টি নিশ্চিত হয়ে দৈনিক ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করতে হবে;

৪। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীদের মজুরি সরকারি বিধি মোতাবেক অর্থাৎ অর্থ মন্ত্রণালয়ের অনুমোদিত হারে দৈনিক হাজিরা অনুযায়ী পরিশোধ করতে হবে;

৫। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী যে দিন কাজ করবেন কেবল সে দিনের মজুরী প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আর্থিক বিধি বজায় রাখার বিষয়টি নিশ্চিত করবেন;

৬। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীগণ কোনক্রমেই নিয়মিত কর্মচারী হিসাবে গণ্য হবে না বা তাদের কোন প্রকার নিয়োগ আদেশ দেয়া যাবে না বা কোন স্থাপনায় কাজ করলে পরবর্তীতে নিয়োজিত করার ক্ষেত্রে তা বাড়তি যোগ্যতা হিসেবে গণ্য হবে না;

৭। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার সময় বয়স ও শারীরিক সক্ষমতা বিবেচনায় এনে নিয়োজিত করতে হবে। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীকে অবশ্যই অক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে;

৮। দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক বা কোন দীর্ঘ সময়ের জন্য খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে না;

৯। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা এবং মজুরী পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট স্ব স্ব কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
e-mail: dd.est@dgfood.gov.bd

নং-১৩.০১.০০০০.০৩২.৩২.৬২৮.১৪(অংশ-১)- ৪৪৮/১(৭) তারিখঃ ২৩ /০৬/২০১৯খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ**

১। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাউফল পটুয়াখালী
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল।
৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বগা এলএসডি, বাউফল, পটুয়াখালী।
৭। অফিস কপি/মাস্টার কপি।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
e-mail: dd.est@dgfood.gov.bd

D:\628 2014 (4th Class) Add Order\Contractual Hairing Order.docx